গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারী আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.doga.gov.bd

**স্মারক নম্বর:** ২৫.৪৩.০০০০.০০০.০১৬.০৩.০০০২.২২.৩৭৫

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

**বিষয়: সরকারি আবাসন পরিদপ্তরের ব্যবস্থাপনাধীন সরকারি আবাসন এলাকাসমূহে অবস্থিত আবাসিক ভবনগুলির অভ্যন্তরীন কল্যাণমূলক কাজের নিমিত্ত ভবনসমূহে নিরাপত্তা, পরিচ্ছন্নতা, শৃঙ্খলা ও সুষ্ঠু আবাসন ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে কমিটি গঠন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি আবাসন পরিদপ্তরের ব্যবস্থাপনাধীন সরকারি আবাসন এলাকাসমূহে অবস্থিত ভবনগুলির কল্যাণমূলক কাজের নিমিত্ত ভবনসমূহে নিরাপত্তা, পরিচ্ছন্নতা, শৃঙ্খলা ও সুষ্ঠু আবাসন ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্তভাবে শুধু বরাদ্দ প্রাপকগণের সমন্বয়ে নিম্নবর্ণিত ফরম্যাটে এবং শর্ত মোতাবেক ভবন ভিত্তিক কমিটি গঠনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**ভবনভিত্তিক 'ভবন ব্যবস্থাপনা কমিটি':**

ভবনের অভ্যন্তরীণ কল্যাণমূলক কাজ সম্পাদনের জন্য বরাদ্দ প্রাপকগণের সরাসরি ভোটের মাধ্যমে তবে কোন কারণে ভোটগ্রহণ সম্ভব না হলে সংখ্যাগরিষ্ঠ বরাদ্দ প্রাপকগণের সম্মতির ভিত্তিতে সিলেকশনের মাধ্যমে বরাদ্দ প্রাপকগণের মধ্য থেকে প্রতিটি ভবনের জন্য ০৭ সদস্য বিশিষ্ট একটি 'ভবন ব্যবস্থাপনা কমিটি' থাকবে। কমিটিতে সভাপতি, সাধারণ সম্পাদক-১ জন, অর্থ সম্পাদক-১ জন, নিরাপত্তা ও পরিচ্ছন্নতা সম্পাদক-১ জন, মহিলা বিষয়ক সম্পাদিকা-১ জন এবং কার্যকরী সদস্য-২ জন থাকবেন। কমিটির মেয়াদ- ০১ বছর।

**১. কমিটিতে অন্তর্ভুক্তির শর্ত:**

ভবন ব্যবস্থাপনা কমিটিতে সরকারি আবাসন পরিদপ্তর হতে সংশ্লিষ্ট ভবনে বাসা বরাদ্দপ্রাপ্ত সরকারি কর্মচারী ব্যতীত অন্য কেউ সদস্য হতে পারবেন না।

**২. সাধারণ নিষেধাজ্ঞা ও শৃঙ্খলা:**

Bangladesh Allocation Rules, 1982-এর পরিপন্থী কার্যক্রম এবং সরকারি আবাসনের অভ্যন্তরে সকল ধরনের অননুমোদিত স্থাপনা, একাডেমি, সংঘ/ক্লাব, রাজনৈতিক কর্মকাণ্ড, বহিরাগতদের নিয়ে সাংগঠনিক সভা বা শান্তি-শৃঙ্খলা পরিপন্থী কাজ করা যাবে না।

**৩.** উপর্যুক্ত কমিটি গঠনপূর্বক কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সরকারি আবাসন পরিদপ্তর হতে উক্ত কমিটি অনুমোদন করাতে হবে।

**৪.** নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ ও সভাপতি, কেন্দ্রীয় মনিটরিং কমিটি, ভবন ব্যবস্থাপনা কমিটি গঠন এবং সরকারি আবাসনপরিদপ্তর কর্তৃক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন।

**৫.** যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১০-০৮-২০২৬
মোঃ জহিরুল ইসলাম খান
পরিচালক (যুগ্মসচিব)
ফোন : +৮৮০২৫৫১০১০৩৭
ফ্যাক্স : ০২-৯৫৪৬৪৬৩
ইমেইল : director@doga.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**


১। নির্বাহী প্রকৌশলী ও সভাপতি, কেন্দ্রীয় মনিটরিং কমিটি সংশ্লিষ্ট আবাসন এলাকা, আবাসন সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ।
২। সহকারী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) ও সদস্য সচিব, কেন্দ্রীয় মনিটরিং কমিটি সংশ্লিষ্ট আবাসন এলাকা, আবাসন সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ।

**স্মারক নম্বর:** ২৫.৪৩.০০০০.০০০.০১৬.০৩.০০০২.২২.৩৭৫/১ (৯)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
২। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৪। একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৫। উপপরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর।
৬। সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন-১ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান সহকারী, প্রশাসন (কেন্দ্রীয়) শাখা, সরকারী আবাসন পরিদপ্তর (সংশ্লিষ্ট আবাসন এলাকার নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীর নিকট প্রেরণ নিশ্চিত করবেন)।
৯। পরিদর্শক, সরকারি আবাসন সংশ্লিষ্ট এলাকা, সরকারি আবাসন পরিদপ্তর (সংশ্লিষ্ট আবাসন এলাকার নোটিশ বোর্ড/ভবনের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন)।



১০-০৮-২০২৬
মোঃ জহিরুল ইসলাম খান
পরিচালক (যুগ্মসচিব)